



ঢাকায় জাতিসংঘ

নির্দেশিত দিবসসমূহ পালন

ইউনিক ঢাকা রাজধানীতে জাতিসংঘ নির্দেশিত অনেকগুলো দিবস সুপরিকল্পিত কার্যসূচি নিয়ে উদ্‌যাপন করে। আগের বছরগুলোর মতো এবছরও আন্তর্জাতিক নারী দিবস, বিশ্ব পরিবেশ দিবস, আন্তর্জাতিক শান্তি দিবস ও মানবাধিকার দিবস প্রভৃতি পালিত হয়। প্রায় প্রতিটি ক্ষেত্রে কোনো সংশ্লিষ্ট এনজিও, শিক্ষা প্রতিষ্ঠান বা বাংলাদেশ সরকারের মন্ত্রণালয়ের সঙ্গে যৌথ অনুষ্ঠানের আয়োজন করা হয়। তবে প্রথমবারের মতো দ্বিতীয় বিশ্ব শ্রবীণ সম্মেলনের প্রেক্ষাপটে এবার বয়স্কদের জন্য আন্তর্জাতিক দিবস যথেষ্ট গুরুত্ব পায়। তথ্য কেন্দ্রের উদ্যোগে ইউনেস্কো নির্দেশিত আন্তর্জাতিক মাতৃভাষা দিবসও এ বছরই প্রথম উদ্‌যাপিত হয়। বলাবাহুল্য সংশ্লিষ্ট বিষয়ে গণসচেতনতা সৃষ্টিই দিবসসমূহের পালনের উদ্দেশ্য। এ উদ্দেশ্য সাধনে তথ্য কেন্দ্র কতটুকু সাফল্য লাভ করেছে, তা নিম্নবর্ণিত তারিখ মাফিক তৎপরতা হতে সহজেই অনুমেয়।

